কালের কণ্ঠ

তারিখ 28 SEP 2016
পৃষ্ঠা 2 কলাম 6

### সংসদীয় কমিটির বৈঠক

# পাঠ্যপুস্তক মুদ্রণ মান দেখতে পরিদর্শন কমিটি গঠন

নিজস্ব প্রতিবেদক ▷

প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক মুদ্রণের মান দেখতে ছাপাখানা পরিদর্শনের সুপারিশ করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটি। গতকাল মঙ্গলবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ সুপারিশ করা হয়। বৈঠকে কমিটির সদস্য নজরুল ইসলাম বাবুকে আহবায়ক করে তিন সদস্যের পরিদর্শন সাব কমিটি গঠন করা হয়। মো. আবুল কালাম ও মোহাম্মদ ইলিয়াছকে এই কমিটির সদস্য করা হয়েছে।

সংসদীয় কমিটির সভাপতি মো. মোতাহার হোসেনের সভাপতিত্বে বৈঠকে যথাযথভাবে পাঠ্যপুস্তক মুদ্রণ ও বাঁধাই করা হচ্ছে কি না, তা দেখার জন্য ছাপাখানা পরিদর্শনের সিদ্ধান্ত হয়। সাব কমিটিকে তদন্ত করে আগামী বৈঠকে প্রতিবেদন দিতে বলা হয়েছে। বৈঠকে সরকারি নীতিমালার আলোকে বিদ্যালয়গুলোতে পাঠদান হচ্ছে কি না, তাও পর্যবেক্ষণের সুপারিশ করা হয়।